# ১৬ তম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সহকারী জজ) পরীক্ষা ২০২৩

## দেওয়ানী মামলা সংক্রান্ত আইন

**বিষয় কোড ঃ ৫৬**

সময়-৩ঘন্টা [ডান দিকের সংখ্যা সংশ্লিষ্ট প্রশ্নে র পূর্ণমান জ্ঞাপক] পূর্ণমান-১০০

[বাংলা অথবা ইংরেজি যে-কোনো একটি ভাষায় উত্তর দিতে হবে। তবে টেকনিক্যাল শব্দগুলো যে-কোনো ভাষায় লেখা যাবে।]

**"ক' অংশ ঃ যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন (৩x২০=৬০)**

১। ক) স্থাবর ও অস্থাবর সম্পত্তি সংক্রান্ত মোকদ্দমা দায়েরের স্থান বিষয়ে The Code of Civil Procedure, 1908 এর সংশ্লিষ্ট বিধান উল্লেখে আলোচনা করুন।

খ) K ও L খুলনার দৌলতপুর সহকারী জজ আদালতে M এর বিরুদ্ধে স্থাবর সম্পত্তি বন্টনের প্রার্থনায় মোকদ্দমা দায়ের করেন। মোকদ্দমাটি দোতরফাসূত্রে ডিক্রি হয়। উক্ত ডিক্রির বিরুদ্ধে আপিল শুনানীকালে দেখা যায় যে, মোকদ্দমাটি দৌলতপুর সহকারী জজ আদালতের পরিবর্তে খুলনার সদর সহকারী জজ আদালতে দাখিল হওয়া উচিত ছিল এবং আরজিতে L স্বাক্ষর করেন নাই এমতাবস্থায়, আপিল আদালতের করণীয় সম্পর্কে The Code of Civil Procedure, 1908 এর সংশ্লিষ্ট বিধান উল্লেখে আলোকপাত করুন।

গ) একটি অর্থ ডিক্রিজারি মামলায় জারিকারক আদালত ডিক্রিদারের আবেদনক্রমে একটি সম্পত্তি ক্রোক করেন। এতে সংক্ষুব্ধ হয়ে 'X' সম্পত্তিটি ক্রোকযোগ্য নয় দাবীতে তা ক্রোকমুক্ত করার নিমিত্ত The Code of Civil Procedure, 1908 এর Order XXI, rule 58 এর অধীনে একটি দরখাস্ত দাখিল করেন। 'X' এর দরখাস্তটি নিষ্পত্তির পদ্ধতি সংক্ষেপে ব্যাখ্যা করুন।

২। ক) The Code of Civil Procedure, 1908 এর সংশ্লিষ্ট বিধান উল্লেখে কোনো দেওয়ানী মোকদ্দমার 'প্রিডিংস' (Pleadings); রায়, ডিক্রি বা আদেশ এবং দেওয়ানী কার্যধারার ত্রুটি বা ভুল সংশোধনে আদালতের ক্ষমতা আলোচনা করুন।

খ) একটি মোকদ্দমায় আদালত আদেশের তারিখ থেকে ২১ দিনের মধ্যে অপর্যাপ্ত স্ট্যাপ-পেপার সরবরাহ, ব্যর্থতায় আরজি প্রত্যাখ্যাত হবে মর্মে আদেশ দেন। বাদী আদেশের ২৫তম দিনে একটি দরখাস্ত দিয়ে তার মায়ের মৃত্যুর কারণে সময়মতো স্ট্যাপ-পেপার সরবরাহ করতে পারেননি বক্তব্যে প্রয়োজনীয় স্ট্যাম্প-পেপার জমা দিতে অতিরিক্ত ৭দিন সময় প্রার্থনা করেন। এই বিষয়ে The Code of Civil Procedure, 1908 এর বিধানাবলি উল্লেখে দরখাস্তটির রক্ষণীয়তা বিষয়ে মতামত দিন।

গ) 'An executing Court cannot go beyond the decree'- এই নীতির ব্যতিক্রম সংক্ষেপে আলোচনা করুন।

৩। ক) The Code of Civil Procedure, 1908 এর Order IX, rule 2, 3 ও 8 এর অধীনে মোকদ্দমা খারিজ হলে প্রতিকার কী?

খ) The Code of Civil Procedure, 1908 অনুসারে একতরফা ডিক্রির বিরুদ্ধে বিবাদীর কী কী প্রতিকার লাভের সুযোগ আছে? এক্ষেত্রে 'পর্যাপ্ত কারণ' বলতে আপনি কী বোঝেন?

গ) X, Y এর বিরুদ্ধে সুনির্দিষ্ট স্থাবর সম্পত্তির খাস দখল প্রাপ্তি ও অবৈধ দখলের কারণে এক লক্ষ টাকা ক্ষতিপূরণের দাবীতে মোকদ্দমা করেন। Y লিখিত জবাব দাখিল করে ঐ সম্পত্তির দখল অর্পণ করতে সম্মতি জানালেও X এর নিকটে তার পাওনা পঞ্চাশ হাজার টাকার দরুণ সেট-অফের প্রার্থনা করেন। Y এর দাবীর আইনগ্রাহ্যতা বিষয়ে আপনার মতামত কী?

৪। ক) অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ পাওয়ার জন্য আবেদনকারীকে কী শর্তাবলি পূরণ করতে হয়? অন্তর্বর্তী ও অস্থায়ী নিষেধাজ্ঞা প্রদানের ক্ষেত্রে The Code of Civil Procedure, 1908 অনুযায়ী কী কী সীমাবদ্ধতা আরোপ করা হয়েছে? অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ অমান্য বা শর্তভঙ্গের প্রতিকার প্রদানে আদালতের এখতিয়ার বিষয়ে আলোচনা করুন।

খ) নাবালকের পক্ষে আসন্ন বন্ধু (next friend) ব্যতীত মোকদ্দমা দায়েরের ফলাফল কী? মোকদ্দমায় নাবালক বিবাদীর পক্ষে অভিভাবক নিযুক্তিতে আদালতের The Code of Civil Procedure, 1908 এর অধীনে করণীয় কী?

৫। ক) 'সুনির্দিষ্ট কার্য সম্পাদনের ডিক্রি প্রদানের এখতিয়ার বিবেচনামূলক'- The Specific Relief Act, 1877 এর বিধানানুযায়ী উদাহরণসহ ব্যাখ্যা করুন।

খ) K স্বাভাবিক স্নেহ-ভালোবাসার বশবর্তী হয়ে তার ভ্রাতাগণ ও ভ্রাতাগণের সন্তানদেরকে নির্দিষ্ট সম্পত্তি পত্তন দেন এবং পরবর্তীতে একই সম্পত্তি একজন আগন্তুকের নিকট বিক্রয় করার জন্য চুক্তিবদ্ধ হন। K এই চুক্তির সুনির্দিষ্ট কার্য সম্পাদন কার্যকর করতে পারেন কি? The Specific Relief Act, 1877 এর প্রাসঙ্গিক বিধান উল্লেখে সংক্ষেপে আলোচনা করুন।

গ) K, L এর নিকট নির্দিষ্ট জমি ৫০,০০০/= টাকায় বিক্রয় করার চুক্তি করলো। পরবর্তীতে K ৬০,০০০/= টাকার বিনিময়ে ঐ জমি M কে প্রদান করলেন। M মূল চুক্তি সম্পর্কে অবগত ছিলেন। L. M এর বিরুদ্ধে চুক্তির সুনির্দিষ্ট কার্যসম্পাদন করতে পারেন কি?

## 'খ' অংশ ঃ যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন (২x২০ = ৪০)

৬। ক) "২০১৭ সালে The Code of Civil Procedure, 1908 এর সংশোধন দ্বারা দেওয়ানী মোকদ্দমা বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির নতুন দিগন্ত উন্মোচন করা হয়েছে।"- এই বক্তব্যের আলোকে দেওয়ানী মোকদ্দমার জট নিরসনে ADR এর ভূমিকা বিশ্লেষণ করুন।

খ) নিম্নের আইনসমূহে বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির বিধান আলোচনা করুন।

(i) শ্রম আইন, ২০০৬ (ii) The Income-tax Ordinance, 1984.

৭। ক) "প্রতারণা বিষয়ে প্রথম জ্ঞাত হওয়ার সময় থেকে তামাদি গণনা শুরু হবে।"-ব্যাখ্যা করুন।

খ) The Limitation Act, 1908 এর বিধান বিশেষ আইনসমূহের ক্ষেত্রে কতটুকু প্রযোজ্য? ব্যাখ্যা করুন।

গ) X, Y এর নিকটে একটি স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য ০১/০১/২০১১ তারিখে নিবন্ধিত বায়নাচুক্তি করেন। চুক্তিনামায় হস্তান্তর দলিল নিবন্ধনের কোনো সময় উল্লেখ করা হয়নি। Y ০১/০৯/২০২১ তারিখে চুক্তিনামায় উল্লিখিত অবশিষ্ট অর্থ গ্রহণে X কে বিক্রয় দলিল নিবন্ধনের জন্য অনুরোধ করেন। X বিক্রয় দলিল নিবন্ধনে নানা অজুহাতে বিলম্ব করতে থাকেন এবং অবশেষে ০১/০১/২০২২ তারিখে বিএনা দলিল নিবন্ধনে অস্বীকৃতি জানান। Y বায়নাচুক্তি বলবতকরণের জন্য ০১/১০/২০২২ তারিখে মোকদ্দমা দায়ের করেন। মোকদ্দমাটি তামাদি বারিত কি? প্রাসঙ্গিক আইনের আলোকে উত্তর দিন।

৮। ক) The Civil Courts Act, 1887 অনুসারে দেওয়ানী আদালতের সাধারণ আপিল ও বিশেষ এখতিয়ার আলোচনা করুন।

খ) The Civil Courts Act, 1887 এর অধীনে দেওয়ানী আদালত কোন কোন বিষয়ে স্থানীয় আইনানুসারে সিদ্ধান্ত প্রদান করবে?

গ) নিষ্পন্নাধীন মামলার দ্রুত নিষ্পত্তিতে কর্মরত জজের সংখ্যা পর্যাপ্ত নয়-ধারণাটি ব্যাখ্যাসহ জজের বিদ্যমান সংখ্যা পরিবর্তন ও অতিরিক্ত জেলা জজ নিয়োগে' সরকারের ক্ষমতা বিষয়ে The Civil Courts Act, 1887 এর বিধান উল্লেখ করুন।

## Part A: Answer any three (3x20-60)

1. a) Discuss about the place of suing for immovable and movable property mentioning the relevant provisions of the Code of Civil Procedure, 1908.

b) K and L filed a suit against M in the Court of the Assistant Judge, Daulatpur, Khulna for partition of immovable property. The suit was decreed on contest. It was found at the time of hearing of the appeal against the decree that the suit ought to have been filed in the Court of the Assistant Judge, Sadar, Khulna instead of the Court of the Assistant Judge, Daulatpur and L did not sign in the plaint. In this context, highlight on the duty of the Appellate Court mentioning the relevant provisions of the Code of Civil Procedure, 1908.

c) In a Money Decree Execution Case the executing court attached a property upon application by the decree-holder. X, being aggrieved by this, filed an application under Order XXI, rule 58 of the Code of Civil Procedure, 1908 for releasing the property from attachment on the plea that the property was not attachable. Explain, in brief, the procedure for the disposal of the petition of X.

2. a) Discuss the powers of the Court relating to amendment of pleadings; judgment, decree or order and defect or error in civil proceeding with reference to the relevant provisions of the Code of Civil Procedure, 1908.

b) In a suit the Court orders that the insufficient stamp-paper to be supplied within 21 days from date, failing of which the plaint be rejected. The plaintiff, on the 25th day of the Order files an application for additional 7 days time for supplying the necessary stamp-paper on the plea that he could not supply the same in time due to the death of his mother. Opine about the maintainability of the application mentioning the relevant provisions of the Code of Civil Procedure, 1908.

c) "An executing Court cannot go beyond the decree"-Discuss, in brief, exception to this principle.

3. a) What are the reliefs against dismissal of suits under Order IX, rule 2, 3 and 8 of the Code of Civil Procedure, 1908?

b) What are the remedies available to the defendant against an ex-parte decree under the Code of Civil Procedure, 1908? In this context, what do you understand by 'sufficient cause??

c) X filed a suit against Y claiming recovery of khas possession of specific immovable property and compensation of Tk. 1 lac for illegal possession. Y, submitting written statement, though consented to deliver up possession of the said property, prayed for setting-off Tk. 50 thousand due from X. What is your opinion about the legality of Y's claim?

4. a) What are the conditions the applicant is required to fulfill for obtaining an order of temporary injunction? What limitations have been imposed on granting interim or temporary injunction by the Code of Civil Procedure, 1908? Comment on the jurisdiction of the Court in granting relief against disobey or breach of terms of temporary injunction.

b) What is the effect of filling of a suit on behalf of a minor without next friend? What would be done by the Court in appointing guardian for a minor defendant in a suit under to the Code of Civil Procedure, 1908?

5. a) "The jurisdiction to decree specific performance is discretionary."-Explain with illustration as per the provisions of the Specific Relief Act, 1877.

   b) K, out of natural love and affection, makes a settlement of certain property on his brothers and brothers' issues, and afterwards enters into a contract for selling of the same to a stranger. Can K enforce specific performance of the contract? Discuss in brief, mentioning the relevant provisions of the Specific Relief Act. 1877.

   c) K contracts to sell certain land to L for Tk. 50,000/=. Afterwards K conveys the land to M for Tk. 60,000/=. M had notice of the original contract. Can L enforce specific performance of the contract against M?

## Part-B: Answer any two (2×20=40)

6. a) "By the amendment of the Code of Civil Procedure, 1908 in 2017 a new horizon has been unveiled for the disposal of civil suits through alternative dispute resolutions."-Analyze the role of ADR in removing backlog of civil suits in the light of this statement.

   b) Comment on the provisions of ADR under the following laws:
   (i) Sromo Ain, 2006; (ii) The Income-tax Ordinance, 1984.

7. a) "Limitation shall be computed from the time when fraud first becomes known."-Explain.

   b) How much the provisions of the Limitation Act, 1908 are applicable to special laws? Explain.

   c) X executed and registered a contract for sale of immovable property in favour of Y on 01/01/2021. No time for registration of sale deed was mentioned in the contract for sale. Y requested X on 01/09/2021 to receive the rest money mentioned in the contract for sale and register the sale deed. X after dilly-dallying on many excuses in registering sale deed, finally denied on 01/01/2022 to register sale deed. Y filed a suit for enforcement of the contract for sale on 01/10/2022. Is the suit barred by limitation? Answer in the light of relevant laws.

8. a) Discuss the ordinary, appellate and special jurisdiction of Civil Court according to the Civil Courts Act, 1887.

   b) In which matters a Civil Court under the Civil Courts Act, 1887 shall decide according to local law?

   c) "The number of Judges working is not sufficient for speedy disposal of pending cases."- Explain the concept along with the power of the Government in altering the number of Judges now fixed and appointing Additional District Judges' mentioning the relevant provisions of the Civil Courts Act, 1887.


নিশ্চয় সেরাদের সেরা
ড. সিদ্দিক পাবলিকেশন্স
লেখক
হুমায়রা সিদ্দিকা হুমাসা এবং ড. আবু বকর সিদ্দিক
সহায়ক গ্রন্থাবলী ঃ ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম ও একাদশ শ্রেণী
পাঠ্য বই ঃ HSC, B.Sc এবং M.Sc 01511 483701, 01979 483701
ভর্তি পরীক্ষা ঃ বুয়েট, মেডিকেল, ঢাবি, জাবি, রাবি, চবি, গুচ্ছ, কৃষি, নার্সিং-মিডওয়াইফারি
চাকুরী ঃ বিসিএস, শিক্ষক নিবন্ধন, সহকারী জজ নিয়োগ এবং প্রাথমিক শিক্ষক নিয়োগ
ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার